গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.pressinform.gov.bd

বিষয় : ২১.০৯.২০২১ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মো. শাহেনুর মিয়া, প্রধান তথ্য অফিসার (অতিরিক্ত দায়িত্ব) ও সভাপতি, নৈতিকতা কমিটি, তথ্য অধিদফতর, ঢাকা।
তারিখ : ২১.০৯.২০২১ খ্রি.
সময় : সকাল ১১.০০ ঘটিকা।
স্থান : তথ্য অধিদফতরের সম্মেলনকক্ষ।

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম প্রান্তিকের অগ্রগতি সভায় উপস্থাপন করেন। এছাড়া, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে ০৫ টি আঞ্চলিক তথ্য অফিস যথাক্রমে চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, বরিশাল ও রংপুর-এর প্রাপ্ত কার্যক্রম/প্রস্তাবনাসমূহ পর্যালোচনা করা হয়। কমিটির অন্যান্য সদস্যবৃন্দ ১ম প্রান্তিকের অগ্রগতি প্রতিবেদন এবং ২য় প্রান্তিকের বাস্তবায়নযোগ্য বিষয়সমূহ আলোচনাপূর্বক নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয় :

| ক্র.ন. | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | ১ম প্রান্তিকের (জুলাই-সেপ্টেম্বর) কার্যক্রম অনুমোদন | নৈতিকতা কমিটি কর্তৃক সর্বসম্মতভাবে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে ১ম প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন অনুমোদন করা হয়। এছাড়া, ২য় প্রান্তিকের লক্ষ্যমাত্রা পূরণে কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধন্ত হয়। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা, NIS ও তথ্য অফিসার/ মিডিয়া সেন্টার |
| ০২ | সুশাসন প্রতিষ্ঠায় নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | সরকারের বিভিন্ন উন্নয়ন কর্মকান্ড এবং প্রচার কৌশল নির্ধারণে তথ্য অধিদফতরের অংশীজন হিসেবে বিশিষ্ট সাংবাদিক এবং ঢাকাস্থ বিভিন্ন সাংবাদিক ফোরামের নেতৃবৃন্দসহ মোট ৩০ (ত্রিশ) জনের সাথে অক্টোবর-২০২১ এর প্রথম সপ্তাহে মতবিনিময় সভার আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত হয়। | সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রেস এন্ড মিনিস্ট্রিয়াল পাবলিসিটি)/প্রেস শাখা ও সিনিয়র তথ্য অফিসার (প্রশাসন)/প্রশাসন শাখা |
| ০৩ | শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ | সপ্তাহে ২ দিন (সোমবার ও বৃহস্পতিবার) ৬০ জনঘণ্টা অভ্যন্তরীণ প্রশিক্ষণের সাথে সমন্বয় করে লক্ষ্যমাত্রা অনুযায়ী NIS বিষয়ের প্রশিক্ষণ সম্পন্ন করা সম্ভব হচ্ছে মর্মে সভায় জানানো হয়। লক্ষ্যমাত্রা পূরণে প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখার সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা, NIS ও তথ্য অফিসার/ মিডিয়া সেন্টার |
| ০৪ | কর্ম-পরিবেশ উন্নয়ন | এ বিষয়ে গৃহীত কার্যক্রমের মধ্যে প্রোটকল শাখার অপ্রয়োজনীয় নথি বিনষ্টকরণ কার্যক্রম চলমান। পরবর্তীতে প্রশাসন শাখার অপ্রয়োজনীয় ও দীর্ঘদীনের পুরাতন নথিসমূহ বিনষ্টকরণের উদ্যোগ গ্রহণের সিদ্ধান্ত হয়। | সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রোটকল)/প্রোটকল শাখা সিনিয়র তথ্য অফিসার (প্রশাসন)/প্রশাসন শাখা |
| ০৫ | আঞ্চলিক তথ্য অফিসসমূহের NIS বাস্তবায়নে ফিডব্যাক প্রদান | আঞ্চলিক তথ্য অফিসসমূহের গৃহীত NIS কার্যক্রম পর্যালোচনা শেষে সহযোগিতা অব্যাহত রাখা এবং এর আওতায় বাস্তবায়নযোগ্য যে কোনো বিষয়ে সদর দপ্তর হতে আর্থিক ব্যয় অনুমোদনপূর্বক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র তথ্য অফিসার (প্রশাসন)/ প্রশাসন শাখা |
| ০৬ | শুদ্ধাচার পুরস্কার প্রদান (২০২০-২১) | ২০২০-২১ অর্থবছরে আগামী ডিসেম্বর-২১ এর মধ্যে বাছাই কমিটি গঠনের মাধ্যমে সদর দপ্তর ও আঞ্চলিক তথ্য অফিসসমূহের কর্মকর্তা ও কর্মচারীদের মধ্য থেকে সর্বমোট ০৫ (পাঁচ) জনকে NIS পুরস্কার প্রদানের সিদ্ধান্ত হয়। | সিনিয়র তথ্য অফিসার (প্রশাসন)/ প্রশাসন শাখা |

চলমান পাতা/০২

| | | | |
|---|---|---|---|
| ০৭ | অভ্যন্তরীণ অফিস ও মাঠ পর্যায়ের অফিস পরিদর্শন | সদর দপ্তরের ক্লিপিংস শাখা ২৭.০৯.২১ তারিখের মধ্যে পরিদর্শনের জন্য নিয়ন্ত্রণকারী কর্মকর্তাকে পত্র দেয়া হয়েছে। পরবর্তীতে মিডিয়া সেন্টার পরিদর্শনের সিদ্ধান্ত হয়।<br>মাঠ পর্যায়ের অফিসসমূহের মধ্যে রাজশাহী, বরিশাল ও রংপুর অফিস পরিদর্শনের কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত হয়। | সিনিয়র তথ্য অফিসার (প্রশাসন)<br>ও<br>তথ্য অফিসার(ক্লিপিংস)/<br>ক্লিপিংস শাখা |
| ০৮ | নির্মাণাধীন মেগা প্রকল্প পরিদর্শন | নির্মাণাধীন মেগা প্রকল্প পরিদর্শনের বিষয়ে পদ্মা বহুমুখী সেতু পরিদর্শনের জন্য প্রকল্প পরিচালক বরাবরে পত্র দেয়া হয়। কিন্তু কোভিড-১৯ এবং কেপিআই নিরাপত্তাজনিত কারণে সম্মতি পাওয়া যায়নি।<br>পরবর্তীতে নভেম্বরের ২য় সপ্তাহের মধ্যে ১০/১২ জন কর্মকর্তার সমন্বয়ে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প/ ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে/ঢাকা-মাওয়া হাইওয়ে পরিদর্শনের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র তথ্য অফিসার (প্রশাসন)/প্রশাসন শাখা<br>ও<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা, NIS<br>তথ্য অফিসার/<br>মিডিয়া সেন্টার |

সভায় আর কোনো আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/৯/২১

মো. শাহেনুর মিয়া
প্রধান তথ্য অফিসার (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ৯৫৪৬০৯১
ই-মেইল : pio@pressinform.gov.bd

নং-১৫.৫২.০০০০.০১১.১৮.২৩১.১৮(অংশ-৯).-৬০২৪

তারিখ: 22.০৯.২০২১ খ্রি.

**অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রেস এন্ড মিনিস্ট্রিয়াল পাবলিসিটি/প্রোটকল এন্ড লিয়াজোঁ/মনিটরিং/প্রশাসন ও অর্থ), তথ্য অধিদফতর, ঢাকা।
০৩। উপসচিব (প্রশাসন-৪ শাখা), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। উপপ্রধান তথ্য অফিসার(সকল), তথ্য অধিদফতর, ঢাকা।
০৫। উপপ্রধান তথ্য অফিসার, আঞ্চলিক তথ্য অফিস, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
০৬। সিনিয়র তথ্য অফিসার, (প্রশাসন/সমন্বয় ও বিতরণ/প্রেসট্রেন্ড/প্রোটকল/চিফ ফিচার রাইটার), তথ্য অধিদফতর, ঢাকা।
০৭। প্রশাসনিক, ক্রয়, অতিরিক্ত হিসাবরক্ষণ, বিতরণ কর্মকর্তা ও সহকারী প্রধান আলোকচিত্রগ্রাহক, তথ্য অধিদফতর, ঢাকা।
০৮। প্রধান তথ্য অফিসার মহোদয়ের ব্যক্তিগত সহকারী, তথ্য অধিদফতর, ঢাকা।
০৯। অতিরিক্ত প্রধান তথ্য অফিসার (প্রোটকল এন্ড মনিটরিং) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, তথ্য অধিদফতর, ঢাকা।
১০। সংশ্লিষ্ট নথি।